



৩য় সিদ্ধান্ত: আলোচনার শুরুতে চেয়ারম্যান সাহেব বলেন সাটুরিয়া উপজেলা পরিষদের মে/২০২৩ মাসের সাধারণ সভার ৪নং এজেন্ডা অনুসারে বরাইদ পল্লী মঙ্গল সমিতির ৭নং প্যাকেজের গাছ বিক্রয়ের জন্য নিলাম কমিটি গঠন করতে হবে। এ ব্যাপারে উপস্থিত সদস্যগণের মধ্যে দীর্ঘক্ষণ আলাপ আলোচনা করা হইল। আলাপ-আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্নরূপ ১নং বরাইদ ইউনিয়ন পরিষদ নিলাম কমিটি গঠন করা হইল:

০১। বীর মুক্তিযোদ্ধা গাজী মোহাম্মদ আব্দুল হাই-চেয়ারম্যান বরাইদ ইউপি- সভাপতি

০২। বিপিএমএস সদস্য

০৩। মোঃ রাসেল সার্ভেয়ার এলজিইডি সাটুরিয়া- সদস্য

০৪। মোঃ আতোয়ার রহমান- বন কর্মকর্তা, সাটুরিয়া সদস্য

০৫। অঞ্জলী রাজবংশী- সদস্য ৪,৫,৬ নং ওয়ার্ড সদস্য

০৬। মোঃ হারুন- চেয়ারম্যান প্যানেল সদস্য

০৭। কার্তিক চন্দ্র হাওলাদার, সচিব-বরাইদ ইউপি সদস্য

৪র্থ আলোচনা: বরাইদ ইউনিয়নের আইন শৃঙ্খলা স্বাভাবিক করণ প্রসংগে।

৪র্থ সিদ্ধান্ত: আলোচনার শুরুতে চেয়ারম্যান মহোদয় বলেন বরাইদ ইউনিয়নের আইন শৃঙ্খলা বর্তমানে স্বাভাবিক আছে। কিন্তু আইন শৃঙ্খলা আরও ভাল রাখতে হবে। এ ব্যাপারে উপস্থিত সদস্যগণ সকলেই আইন শৃঙ্খলার ব্যাপারে সতর্ক থাকবেন বলিয়া আশ্বস্ত করেন।

৫ম আলোচনা: জন্ম মৃত্যু নিবন্ধন নিয়মিতকরণ প্রসংগে।

৫ম সিদ্ধান্ত: আলোচনার শুরুতে চেয়ারম্যান সাহেব বলেন, জন্ম মৃত্যু নিবন্ধন নিয়মিত করা বাধ্যতামূলক কাজ। সদস্যগণ নিজ দায়িত্বে জন্ম মৃত্যু নিবন্ধন করাবেন। নিয়মিত জন্ম মৃত্যু সংক্রান্ত তথ্য নিয়ে গ্রাম পুলিশের মাধ্যমে জন্ম ও মৃত্যু নিশ্চিত করবেন। উপস্থিত সদস্যগণ সম্মতি ব্যক্ত করেন।

৬ষ্ঠ আলোচনা: নিজস্ব অর্থ দ্বারা প্রকল্প গ্রহণ প্রসংগে।

৬ষ্ঠ সিদ্ধান্ত: আলোচনার শুরুতে চেয়ারম্যান সাহেব বলেন, পরিষদের নিজস্ব হিসাবে অর্থ জমা আছে। উক্ত অর্থ হতে ইউনিয়ন পরিষদের কাজ কর্মের সুবিধার্থে একটি ল্যাপটপ এবং একটি প্রিন্টার ক্রয় করা অত্যন্ত জরুরী। এ ব্যাপারে উপস্থিত সদস্যগণের মধ্যে দীর্ঘক্ষণ আলাপ আলোচনা করা হইল। আলাপ-আলোচনা শেষে সর্ব সম্মতিক্রমে নিম্নলিখিত প্রকল্প গ্রহণ করা হইল।

প্রকল্পের নাম: ইউনিয়ন পরিষদে একটি ল্যাপটপ এবং একটি প্রিন্টার সরবরাহ, বরাদ্দ ১,০০,০০০/=

প্রকল্প বাস্তবায়ন কমিটি ১। অঞ্জলী রাজবংশী ৪,৫,৬ নং ওয়ার্ড- সভাপতি

২। আব্দুল্লাহ আল সাকী সদস্য ৯ নং ওয়ার্ড- সেক্রেটারী


৩। হাবিবুর রহমান সদস্য ৮ নং ওয়ার্ড- সদস্য

৪। হারুনের রশিদ সদস্য ৭ নং ওয়ার্ড- সদস্য

৫। বিলকিস আক্তার সদস্য ৭,৮,৯ নং ওয়ার্ড- সদস্য

অদ্যকার সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ধন্যবাদান্তে


সভাপতি ২৬/০৭/২৩

বীর মুক্তিযোদ্ধা গাজী মোহাম্মদ আব্দুল হাই
চেয়ারম্যান
১নং বরাইদ ইউনিয়ন পরিষদ
সাটুরিয়া, মানিকগঞ্জ।